যুগান্তর

তারিখ ... 13 MAR 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

### গাজীপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

# ভুলেভরা স্যুভেনির : ক্ষুব্ধ শিক্ষার্থীরা

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনের স্যুভেনিয়রটি অসংখ্য ভুল থাকায় এ নিয়ে বিশ্ববিদ্যালয়ে তোলপাড় চলছে। স্যুভেনির তৈরিতে যারা দায়িত্বে ছিলেন তাদের সীমাহীন ব্যর্থতা ও দায়িত্বহীনতায় ক্ষোভে ফেটে পড়ছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তাসহ সংশ্লিষ্টরা। গত ২৩ ফেব্রুয়ারি গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠিত হয়। সমাবর্তন উপলক্ষে বিপুল অংকের টাকা ব্যয়ে ১৭৫ পৃষ্ঠার একটি সুদৃশ্য স্যুভেনিয়র বের করা হয়। সমাবর্তনের দিন এটি সবার হাতে দেয়া হয়েছে। সমাবর্তনের দিনই এ স্যুভেনিয়রে অসংখ্য ভুল দেখতে পান অনেকে। কিন্তু সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি উপস্থিত থাকায় বিষয়টি অনেকে প্রকাশ করেননি। অনুষ্ঠান শেষ হওয়ার পর এখনও এই স্যুভেনির নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাদের মাঝে বিরাজ করছে ক্ষোভ। এ স্যুভেনির ছাপানো নিয়ে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা জানান, স্যুভেনিরটি যে প্রেসে ছাপা হয়েছে তার নাম থাকলেও কোনো ঠিকানা নেই। স্যুভিনিরটির যে পাতায় রাষ্ট্রপতির ছবি ছাপা হয়েছে সেখানে ছবির নিচে রাষ্ট্রপতির নামটি লেখা নেই। ১০ পৃষ্ঠায় শিক্ষামন্ত্রীর নামের বানানে এক জায়গায় 'নুরুল ইসলাম' অপর জায়গায় 'নূরুল ইসলাম' লেখা হয়েছে। ১২ পাতায় বিশ্ববিদ্যালয়ের ভিসির বাণীতে ইংরেজি লেখাটি বাংলায় রূপান্তর না করায় অর্থহীন কিছু শব্দ বোঝা যায়। ১৪ পাতার সবার ওপরে রাষ্ট্রপতির নামের বানানে 'মোঃ আবদুল হামিদ' এর স্থলে লেখা হয়েছে 'মোঃ আব্দুল হামিদ'। ২৪ পৃষ্ঠায় এমএস ও পিএইচডি প্রদানকারী বিভাগসমূহের মধ্যে এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের নাম নেই। ৩৩ পৃষ্ঠায় মৎস্য অনুষদের গবেষণার ছবির নিচে লেখা হয়েছে কৃষি অনুষদের নাম। এ ছাড়া এ স্যুভেনিরের বিভিন্ন স্থানে গ্র্যাজুয়েট, প্রফেসর, মঞ্জুরি কমিশন, অর্থনীতিসহ বিভিন্ন বানান ভুলভাবে ছাপা হয়েছে। শিক্ষার্থীদের যে ছবি ছাপানো হয়েছে এত অনেকের নামের সঙ্গে বিভাগের মিল নেই। এ ব্যাপারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মাহবুবর রহমান যুগান্তরকে জানান, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয় হতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে সমাবর্তনের সময় পাওয়া যায় মাত্র এক মাস। এ জন্য বিভিন্ন কমিটি করে দেয়া হয়। এ স্যুভিনিরটি করার জন্যও একটি কমিটি ছিল। মাত্র ৬ দিনে এ স্যুভেনিরটি বের করা হয়েছে। তিনি জানান, প্রেসে স্যুভেনিরের বানান ঠিক করে দেয়া হলেও তারা সংশোধিত কপি না ছাপিয়ে ভুল কপিটিই ছাপিয়েছে। পরবর্তীতে প্রেস কর্তৃপক্ষ ভুল সংশোধন করে আরও বেশ কিছু স্যুভেনির ছাপিয়ে দেয়ার প্রতিশ্রুতি দিয়েছে।